বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
নির্বাহী প্রকৌশলীর দপ্তর
হবিগঞ্জ পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, হবিগঞ্জ।
ফোনঃ ০২-৯৯৮৮৩৭০৪৪
E-mail : xen.bwdb.habiganj@gmail.com

স্মারক নম্বর : ৪২.০১.৩৩০০.০০০.২৮৩.১৮.০০০১.২৫.১৬২৩

তারিখ: ২৬.০৬.২০২৫ খ্রি.

## "সীমিত দরপত্র পদ্ধতির (LTM) ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, হবিগঞ্জে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ৩(তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য (Goods) সরবরাহের লক্ষ্যে **২০২৫-২০২৬ অর্থ বছরের** জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি ও নবায়ন এর সময়সীমা নিম্ন বর্ণিত সময় অনুযায়ী নির্ধারণ করা হলো।

### ঠিকাদার/সরবরাহকারী নতুন তালিকাভুক্তির আবেদনের তফসিল:

| ক্রমিক নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির ধরন। | নতুন তালিকাভুক্তি আবেদন ফরম বিতরণ আরম্ভের তারিখ। | নতুন তালিকাভুক্তি আবেদন ফরম বিতরনের শেষ তরিখ। | নতুন তালিকাভুক্তির আবেদন গ্রহনের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য) | ২৯/০৬/২০২৫খ্রি. | ৩১/০৭/২০২৫ খ্রি. | ৩১/০৭/২০২৫ খ্রি. |
| ২ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (পণ্য) | ২৯/০৬/২০২৫খ্রি. | ৩১/০৭/২০২৫ খ্রি. | ৩১/০৭/২০২৫ খ্রি. |

### ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির নবায়নের তফসিল:

| ক্রমিক নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির ধরন। | নতুন তালিকাভুক্তি আবেদন ফরম বিতরণ আরম্ভের তারিখ। | নতুন তালিকাভুক্তি আবেদন ফরম বিতরনের শেষ তরিখ। | নতুন তালিকাভূক্তির আবেদন গ্রহনের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য) | ২৯/০৬/২০২৫খ্রি. | ৩১/০৭/২০২৫ খ্রি. | ৩১/০৭/২০২৫ খ্রি. |
| ২ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (পণ্য) | ২৯/০৬/২০২৫খ্রি. | ৩১/০৭/২০২৫ খ্রি. | ৩১/০৭/২০২৫ খ্রি. |

### শর্তাবলী:

১। নতুন তালিকাভুক্তির আবেদন ফরম অত্র দপ্তর হতে সংগ্রহ পূর্বক আবেদন ফরমের মূল্য ৫০০.০০ (পাঁচশত) টাকার ১ (এক)টি এবং ১৫% ভ্যাট বাবদ ৭৫/- টাকার ১ (এক)টি পে-অর্ডার "হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, মৌলভীবাজার" বরাবর জমা প্রদান করত: আবেদন ফরমে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ হিসাব শাখায় জমা দিতে হবে।

২। ঠিকাদার তালিকাভুক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তালিকাভুক্তি নবায়ন/নতুন তালিকাভুক্তির আবেদন চূড়ান্তভাবে গৃহিত হবে।

৩। ঠিকাদার নতুন তালিকাভুক্তি করার ক্ষেত্রে অত্র সার্কুলার জারীর পর ঠিকাদারদের ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (কার্য-২০ লক্ষ, পণ্য সরবরাহ-৩ লক্ষ) প্রদান করতে হবে। ব্যাংক solvency ক্ষেত্রে বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আবেদন গ্রহনের শেষ দিন পর্যন্ত ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদ গ্রহনযোগ্য হবে। ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদে অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক শাখার ই-মেইল ঠিকানা উল্লেখ থাকতে হবে।

৪। ঠিকাদার নতুন তালিকাভুক্তি/নবায়ন করার জন্য হালনাগাদ ট্রেড লাইসেন্স ও BIN Certificate প্রদান করতে হবে।

৫। আবেদনের সাথে TIN Certificate প্রদান করতে হবে এবং সর্বশেষ আয়কর প্রদানের প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে ।

৬। জুলাই/২০২৫ খ্রি: হতে যে সকল ঠিকাদার নতুন Tin Registration করবেন তাদের আয়কর প্রদানের সনদ প্রদান করতে হবে না।

৭। সংশ্লিষ্ট ব্যক্তিকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং আবেদনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তির NID এবং ৩ (তিন) কপি ল্যাব প্রিন্ট ছবি সংযুক্ত করতে হবে।

৮। বাপাউবোর নির্ধারিত ছকে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা প্রদান করতে হবে।

৯। নতুন ঠিকাদার তালিকাভুক্তির ক্ষেত্রে তালিকাভুক্তির ফি বাবদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে।

১০। ঠিকাদার নবায়ন করার ক্ষেত্রে নবায়ন ফি ২,০০০.০০ (দুই হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০ (তিনশত) টাকা প্রদান করতে হবে। নবায়নের ক্ষেত্রে অবশ্যই ঠিকাদার তালিকাভুক্তির রেজিষ্ট্রেশন বই জমা দিতে হবে।

২৬/০৬/২০২৫
(শামীম হাসনাইন মাহমুদ)
নির্বাহী প্রকৌশলী
হবিগঞ্জ পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, হবিগঞ্জ।

চলমান পাতা-২

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
নির্বাহী প্রকৌশলীর দপ্তর
হবিগঞ্জ পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, হবিগঞ্জ।
ফোনঃ ০২-৯৯৮৮৩৭০৪৪
E-mail : xen.bwdb.habiganj@gmail.com


স্মারক নম্বর : ৪২.০১.৩৩০০.০০০.২৮৩.১৮.০০০১.২৫.১৬২৩(৮) তারিখ: ২৬.০৬.২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।

০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মৌলভীবাজার পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, মৌলভীবাজার।

০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা ।

০৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি জাতীয় পর্যায়ে বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি পত্রিকায় এবং হবিগঞ্জ জেলায় প্রকাশিত ০১টি পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সেন্ট্রাল আইসিটি সেল, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি বাপাউবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

০৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, মৌলভীবাজার ।

০৭। উপ-সহকারী প্রকৌশলী/প্রাক্কলনিক, হবিগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, হবিগঞ্জ।

০৮। অফিস কপি।

২৬/০৬/২০২৫

নির্বাহী প্রকৌশলী
হবিগঞ্জ পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, হবিগঞ্জ।